সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

# প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১৪তম সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১৪তম সভা গত ২৪ মার্চ, ২০২২ তারিখ অপরাহ্ন ৪:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | মো: গোলাম ফারুখ<br>পরিচালক (অপারেশন্স) | সদস্য |
| ২. | মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ৩. | মো: শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৪. | ফওজিয়া তৌহিদ<br>মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স) | সদস্য |
| ৫. | মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |

নৈতিকতা কমিটির সদস্য ও প্রজেক্ট কো-অর্ডিনেটর, এসসিএমএফপি কম্পোনেন্ট-৩, জনাব এমআইএম জুলফিকার মাঠ পর্যায়ের প্রকল্প এলাকা পারিদর্শনে থাকায় এবং মহাব্যবস্থাপক (এমইএন্ডএল) জনাব মো: লুৎফর রহমান RELI প্রকল্পের Baseline Survey-এর জন্য Expression of Interest (EOI) Proposal Opening Committee এর সভা থাকায় নৈতিকতা কমিটির সভায় উপস্থিত থাকতে পারবেন না মর্মে অবহিত করেছেন। সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বিমান কুমার ঘোষ, জুনিয়র কর্মকর্তা (সুশাসন ও জবাবদিহিতা) ।

**সভার আলোচ্যসূচী:**

১. গত ৩০/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

২. এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় (তৃতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

৩. আরইএলআই প্রকল্পে নতুন নিয়োগকৃত ক্লাস্টার অফিসারদের ৪টি পৃথক ব্যাচের জন্য আয়োজিত সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ।

৪. বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।

৫. কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

৬. বিবিধ।

**আলোচ্যসূচী-১:**

গত ৩০/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ১৩তম সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অতপর গত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ত্রয়োদশ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা বা কারো কোনো মন্তব্য আছে কিনা জানতে চাওয়ায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে ঐকমত্য প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:**

৩০/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং ১৪তম সভার সভার কার্যবিবরণী চূড়ান্ত হওয়ার পরপর নৈতিকতা কমিটির সকল সম্মানিত সদস্যবৃন্দকে বিতরণ করতে হবে।

**আলোচ্যসূচী-২:**

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় (তৃতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে কর্ম-পরিকল্পনার

- সূচক ১.১ (নৈতিকতা কমিটির সভা আয়োজন) অর্থাৎ প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সভার যে লক্ষ্যমাত্রা তা আজকের সভা অনুষ্ঠিত হবার মাধ্যমে অর্জিত হচ্ছে ।
- সূচক ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন) এর অর্জন হচেছ এই সভা হতে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন।
- সূচক ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা) এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। তবে এখন থেকে প্রতি সভায় অংশগ্রহণকারী অংশীজনদের সর্ম্পকে নোট রাখতে হবে।
- সূচক ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন): ৩য় প্রান্তিকে এই সূচকের লক্ষ্যমাত্রা না থাকলেও অর্জন হয়েছে। এই সময় মহাব্যবস্থাপক (মানব সম্পদ) জনাব রহমত কাদির মাঠ পরিদর্শন করে GAAP, CAP, SAC কার্যক্রম ফলোআপ সম্পর্কে জানতে চান। সুশাসন ও জবাবদিহিতা বিভাগের মহাব্যবস্থাপক বলেন যে, এই বিভাগের কাজের প্রকৃতি কিছুটা ভিন্ন হওয়ায় প্রচুর টেবিল ওয়ার্ক করতে হয় (বাংলাদেশ সরকারের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বহুমাত্রিক কাজ, আঞ্চলিক ও জেলা পর্যায়ে নৈতিকতা কমিটি গঠন এবং কমিটির কর্মপরিধি নির্ণয়, এসডিএফ ত্রৈমাসিক অভিযোগ ব্যবস্থা ব্যবস্থাপনা, সরকারের অভিযোগ প্রতিকার নীতিমালা, সিটিজেনস চার্টার, তথ্য অধিকার আইন ইত্যাদির সাথে সামঞ্জস্য বিধান করে নীতিমালা প্রণয়ন, মাঠ প্রর্যায়ে চুক্তিভিত্তিক আইন উপদেষ্টা নিয়োগ সংক্রান্ত নীতিমালা ও নিয়োগ উত্তর কার্যসম্পাদনের শর্তাবলী প্রণয়ন, মুক্তিযুদ্ধের চেতনার আলোকে

সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ, এই সময়ে আরইএলআই প্রকল্পে নতুন নিয়োগকৃত ক্লাস্টার অফিসারদের ৪টি পৃথক ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে, বিভিন্ন অঞ্চলে নতুন নিয়োগ প্রাপ্ত সিএফ-দের জন্য প্রশিক্ষণ উপকরণ প্রেরণ)।

মাঠ পরিদর্শন এর বিষয়টিকে আরো কার্যকর করার বিষয়ে সুশাসন ও জবাবদিহিতা বিভাগের মহাব্যবস্থাপক, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) থেকে ওডি এর তথ্য পাবার উপর গুরুত্ব দেন। এই বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন, সংশ্লিষ্ট জেলায় যেয়ে ওডি বের করে অভীষ্ট গ্রামে যেতে হবে। পরিচালক (অপারেশন্স) জনাব গোলাম ফারুখ এই বিষয়ে বলেন, ওভারডিউ সংক্রান্ত রিপোর্ট ম্যানুয়ালি করা হচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন সকল কাজের পাশাপাশি মাঠ পরিদর্শনেও যেতে হবে।

- সূচক ১.৫ (কর্ম-পরিবেশ উন্নয়ন)- এই সূচকে কর্মসূচি চলমান আছে এবং লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। একটি কমিটি করে নিলামের মাধ্যমে ব্যবহার অনুপযোগী মালামাল বিক্রয়ের ব্যবস্থা করতে হবে।
- সূচক ১.৬ (জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ) লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জিত হবে বলে নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) আশাবাদ ব্যক্ত করেন।
- সূচক ১.৭ (আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান) লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জিত হবে বলে নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) আশাবাদ ব্যক্ত করেন।
- সূচক ১.৮ (শুদ্ধাচার পুরস্কার প্রদান) ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন, আগামী ৩০ জুনের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সরকারের এই সংক্রান্ত নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। গতবারের অভিজ্ঞতার আলোকে মানব সম্পদ বিভাগের মহাব্যবস্থাপক বলেন শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মাঠ পর্যায় হতে আগত সুপারিশ প্রধান কার্যালয় হতে কমিটির মাধ্যমে রিভিউ করতে হবে।
- সূচক ৩.১ (দূর্নীতির বিরুদ্ধে আইনগত পদক্ষেপ) প্রতি প্রান্তিকে গৃহিত ব্যবস্থার সার-সংক্ষেপ উল্লেখ করতে হবে এবং ফাইলের মাধ্যমে তা সংরক্ষণ করতে হবে। এ সংক্রান্ত সার সংক্ষেপ মানব সম্পদ বিভাগ সুশাসন ও জবাবদিহিতা বিভাগ-কে সরবরাহ করবে।
- সূচক ৩.২ (ই-ফাইলিং) সুশাসন ও জবাবদিহিতা বিভাগের মহাব্যবস্থাপক বলেন ই-ফাইলিং বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মৌখিক সম্মতি নিয়ে আধাসরকারি পত্র চূড়ান্ত করা হয়েছে। আজ এই সভার পর পত্র দুইটি WhatsApp-এ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্ম সচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা ও মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব জনাব মো: মখলেছুর রহমানকে প্রেরণ করা হবে।
- সূচক ৩.৩ (নারীর ক্ষমতায়ন) এই সূচকে কর্মসূচি চলমান আছে।
- সূচক ৩.৪ (সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ)-এই সূচকের কার্যক্রম চলমান আছে।
- সূচক ৩.৫ (শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ)-এই সূচকের কার্যক্রম চলমান আছে।

**আলোচ্যসূচী-৩:**

আরইএলআই প্রকল্পে নতুন নিয়োগকৃত ক্লাস্টার অফিসারদের ৪টি পৃথক ব্যাচের জন্য আয়োজিত সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ।

**আলোচনার সারসংক্ষেপ:**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং সংস্থার মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে, আরইএলআই প্রকল্পে নতুন নিয়োগকৃত ক্লাস্টার অফিসারদের ৪টি পৃথক ব্যাচের জন্য আয়োজিত সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। এই সংক্রান্ত প্রশিক্ষণের ট্রেইনার তৈরী করার জন্য সংস্থার আঞ্চলিক ব্যবস্থাপক, সংশ্লিষ্ট জেলা কর্মকর্তা , জেলা কর্মকর্তা না থাকলে জেলা ব্যবস্থাপকদের জন্য এপ্রিল মাসে কেন্দ্রীয়ভাবে একটি প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থা করার পরিকল্পনা নিয়েছেন বলে সভাকে অবহিত করেন।

**আলোচ্যসূচী-৪:**

বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।

**আলোচনার সারসংক্ষেপ:**

নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া তৈরি করে জমা দেয়া হয়েছে, যার কপি নৈতিকতা কমিটির সকল সদস্যকে দেওয়া হয়েছে। এবার মাঠ পর্যায়ে আঞ্চলিক ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) ও জেলা ব্যবস্থাপকদের সাথে অনুষ্ঠিতব্য জুম মিটিং-এ সংক্রান্ত আলোচনা করবেন। এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন সহমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:**

মাঠ পর্যায়ে সকল আঞ্চলিক ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা), জেলা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট জেলা কর্মকর্তার সাথে জুম মিটিং-এ আলোচনা হতে প্রাপ্ত ফিডব্যাকের উপর ভিত্তি করে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকার খসড়া তৈরী করতে হবে অতপর তা আলোচনা পূর্বক চূড়ান্ত করে ওয়েবসাইটে আপলোড করা হবে।

**আলোচ্যসূচী-৫:**

কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

**আলোচনার সারসংক্ষেপ:**

কোভিড-১৯ (Covid-19) অতিমারি এর চলমান পরিস্থিতিতে কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালন বিষয়ে সকলেই এখন সচেতন। স্বাস্থ্যবিধি মেনে চলা যার যার নিজ দায়িত্ব। সকল কর্মকর্তা/কর্মচারীদের এ সংক্রান্ত স্বাস্থ্যবিধি এবং অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট নির্দেশনা মেনে চলা বাধ্যতামূলক।

সভায় আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ জেড এম সাখাওয়াত হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি